

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর  
মহাখালী, ঢাকা-১২১২  
[www.dgnm.gov.bd](http://www.dgnm.gov.bd)

স্মারক নং – ৪৫.০৩.০০০০.০০৫.৯৭.০০২.২০- ২০২৭

তারিখঃ ২/০৬/২০২১ ইং

বিষয়ঃ জাতীয় শুল্কাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে স্টেক হোল্ডার সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জাতীয় শুল্কাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে গত ১৭/০৬/২০২১ ইং তারিখের স্টেক হোল্ডার সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।


সংযুক্তিঃ ০৫ পাতা।

সচিব  
স্বাস্থ্য সেবা বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।  
[ দৃষ্টি আকর্ষণঃ উপ সচিব (প্রশাসন-৪ মনিটরিং ও সমন্বয় অধিশাখা)।

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৫.৯৭.০০২.২০- ২০২৭/১(৬)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)


- ১। অতিরিক্ত সচিব (নার্সিং) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। উপ সচিব (নার্সিং সেবা-১/২) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। পি এ টু মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।



সিদ্দিকা আক্তার  
(অতিরিক্ত সচিব)  
মহাপরিচালক

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,  
মহাখালী-ঢাকা।  
[www.dgnm.gov.bd](http://www.dgnm.gov.bd)

তারিখঃ ২২/৫/২০২১ ইং

  
সহকারী পরিচালক (সমন্বয়)

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।



স্মারক নং: ৪৫.০৩.০০০০. ০০৫.৯৯.০০২.২০

তারিখঃ ১৭/০৬/২০২১ খ্রি:

স্টেকহোল্ডার সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব সিদ্দিকা আক্তার, (অতিরিক্ত সচিব) মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।  
স্থানঃ অডিটোরিয়াম, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।  
তারিখ ও সময়ঃ ১৭.০৬.২০২১ ইং সকাল ১১.০০ টায়।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় আগত সকল নার্সিং সুপারভাইজেন্ট ও বিভাগীয় সহকারি পরিচালকদের সাথে পরিচয় পর্ব শেষে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি এবং তাদের উল্লেখযোগ্য কার্যক্রম ও উন্নয়নমূলক কি কি কাজ করা প্রয়োজন তা উপস্থাপনের আহ্বান জানান। সকলের কার্যক্রম ও সমস্যার ভিত্তিতে সভাপতি বিভিন্ন প্রকার দিক নির্দেশনা মূলক বক্তব্য রাখেন।

সভার আলোচ্য বিষয়সমূহের আলোচনা ও গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১	নৈতিকতা কমিটি গঠন।	নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন সকল সেবা প্রতিষ্ঠানে নৈতিকতা কমিটি গঠন করার জন্য আলোচনা করা হয়।	নৈতিকতা কমিটি গঠন করতে হবে ও কমিটি দায়িত্ব নিয়ে কাজ করবে। কমিটি গঠন করে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে প্রেরণ করবেন।	সেবা তত্ত্বাবধায়ক/ উপ- সেবা তত্ত্বাবধায়ক।
২	অংশীজন নির্ধারণ।	সকলের কাজের সাথে জরিত অংশীজন নির্ধারণ করে সভা করা এবং তার বাস্তবায়ন অগ্রগতি পর্যবেক্ষণ করা।	অংশীজনের সাথে সভা করে তার কার্যবিবরণী নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর বরাবর প্রেরণ করবেন।	সেবা তত্ত্বাবধায়ক/ উপ- সেবা তত্ত্বাবধায়ক।
৩	সক্রিয় ওয়েবসাইট।	সকল তথ্য সংগ্রহ ও বিতরণের জন্য ওয়েবসাইট হালনাগাদ থাকা। সকলেই যাতে প্রতিদিন চেক করেন এবং সঠিক সময়ে তথ্য প্রদান করেন।	সকল তথ্য সংগ্রহ ও বিতরণের জন্য ওয়েবসাইট সক্রিয় থাকতে হবে। প্রতিদিন ওয়েবসাইট চেক করবেন এবং সঠিক সময়ে তথ্য প্রদান করবেন।	পিএম আই এস শাখা। সেবা তত্ত্বাবধায়ক/ উপ- সেবা তত্ত্বাবধায়ক।
৪	পরিদর্শন কার্যক্রম।	সকল সেবা প্রতিষ্ঠান পরিদর্শন কার্যক্রম নিয়ে সভায় আলোচনা করা হয়।	প্রতিমাসে ১ দিন করে প্রত্যেক DD, AD ২জন করে প্রতিনিধি সাথে নিয়ে সেবা প্রতিষ্ঠান সমূহ পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করবেন।	নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।
৫	শুদ্ধাচার কর্মপরিকল্পনা।	আগামী ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের বার্ষিক কর্ম পরিকল্পনা তৈরি করে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর বরাবর প্রেরণ করা।	২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের বার্ষিক কর্ম পরিকল্পনা তৈরি করে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর বরাবর	সেবা তত্ত্বাবধায়ক, উপ- সেবা তত্ত্বাবধায়ক।

৬	শুদ্ধাচার পুরস্কার।	সকল সেবা প্রতিষ্ঠানে স্থানীয় ভাবে শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত আলোচনা করা হয়।	প্রেরণ করতে হবে। শুদ্ধাচার পুরস্কার নীতিমালা অনুযায়ী কর্মকর্তা ও কর্মচারী নির্বাচন করে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এ শুদ্ধাচার কোড অনুযায়ী বরাদ্দ চাইতে হবে।	নৈতিকতা কমিটি সকল সেবা প্রতিষ্ঠান
৭	প্রতিবেদন প্রেরণ।	সঠিক সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন পাঠানো নিয়ে আলোচনা করা হয়।	সঠিক সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন তৈরি করে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর বরাবর প্রেরণ করতে হবে।	সেবা অস্বাভাবিক/ উপ-সেবা অস্বাভাবিক। সকল সেবা প্রতিষ্ঠান।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল কে ধন্যবাদ জানান এবং নৈতিকতা নিয়ে চলার অঙ্গিকার ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
২৬/০৫/২০২০  
সিদ্দিকা আক্তার

(অতিরিক্ত সচিব)

মহাপরিচালক

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর

মহাখালী-ঢাকা।